গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

**ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ কামাল হোসেন<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ২৯/০৭/২০২৪ খ্রি.। |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | ভূতত্ত্ব ভবনের দ্বিতীয় তলার সভা কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ । |

## আলোচ্য সূচী:

১। ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর আলোকে ইনোভেশন টিমের ২০২৪-২০২৫ অর্থবছরের কার্যক্রম সম্পর্কে আলোচনা।
২। বিবিধ।

## আলোচনা

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত কমিটির সকল সদস্যগণকে তাদের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ বছরের কমিটিতে নতুন অন্তর্ভুক্ত সদস্যদের স্বাগতম জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব জনাব রিয়াদুল ইসলাম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন এবং সদস্যগণ গঠনমূলক আলোচনায় অংশগ্রহণ করেন।

০১। সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনায় সভাপতি বলেন জিএসবি'র সিটিজেন চার্টারভুক্ত ন্যূনতম একটি সেবা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে অথবা অফিস ব্যবস্থাপনা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে এবছরের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে এবং তা করতে হবে ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে। তিনি আরও বলেন, উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ক্ষেত্রে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি ব্যবহার করে এর গুণগতমান বৃদ্ধি করতে হবে। জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম সভাকে জানান, এ বছরও যেহেতু ইনোভেশন শোকেসিং এর একটি বিষয় আছে তাই চূড়ান্ত উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের ক্ষেত্রে আইডিয়ার ব্যাপকতা, সম্ভাব্য সুফলভোগীর সংখ্যা, নতুনত্ব, রেপ্লিকেশনের যোগ্যতা ইত্যাদি বিবেচনায় নিয়ে উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করতে হবে কারণ এসকল বিষয় বিবেচনায় নিয়ে সেরা উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা হয়। উপস্থিত সকল সদস্যগণ ভূতত্ত্ব বিষয়ক কোন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের পক্ষে মত দেন। সভাপতি আগামী ০২(দুই) সপ্তাহের মধ্যে ইনোভেশন আইডিয়া জমা প্রদানের জন্য দ্রুত সদস্য সচিবকে নোটিশ জারির ব্যবস্থা নিতে বলেন।

০২। সভাপতি ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ চলমান রাখা সংক্রান্ত আলোচনায় বলেন, আমরা ইতোমধ্যে গত অর্থবছরে “জিএসবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission) উল্লেখযোগ্য আবিষ্কার এবং কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শনের জন্য LED Scroll Display Board স্থাপন” উদ্যোগের ক্ষতিগ্রস্ত LED Scroll Display Board পুনরায় বর্ধিত আকারে স্থাপন করেছি এবং ‘BD Paleontology’ অ্যাপের আপগ্রেডেশনের কাজ সম্পন্ন করে সেবাসমুহ চালু রেখেছি। জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম সভাকে অবহিত করেন, আমাদের ২০১৭-২০১৮ অর্থবছরে বাস্তবায়িত “মোবাইল অ্যাপসের মাধ্যমে জিএসবি'র আবিষ্কৃত খনিজ সম্পদসমূহ ও আনুষাঙ্গিক তথ্য প্রদান” শীর্ষক উদ্যোগটি তথা GSB: Geology and Minerals of Bangladesh নামক অ্যাপটি হালনাগাদ করতে হবে। তিনি সভাকে জানান, এ অ্যাপটি

একটি স্ট্যাটিক অ্যাপ এবং এর হালনাগাদকরণের জন্য এর সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা প্রয়োজন। জনাব মোঃ আশরাফ হোসেন, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ভবিষ্যতের নিজেদের কাজের সুবিধার্থে এ অ্যাপটি ডায়নামিক হিসেবে তৈরি করা যেতে পারে মর্মে মত দেন।
সভাপতি জানান ডায়নামিক অ্যাপ তৈরির জন্য বেশি অর্থের প্রয়োজন হবে তবে যদি প্রয়োজন মনে হয় তাহলে ডায়নামিক অ্যাপ তৈরির উদ্যোগ নেয়া হবে। তিনি এ বিষয়ে উদ্যোগটি বাস্তবায়নকারী টিমকে অ্যাপটি হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পত্রের মাধ্যমে অবহিতকরণের জন্য সদস্য সচিবকে নির্দেশ প্রদান করেন। এছাড়াও তিনি সভাকে জানান "Bangladesh Mineral Museum" অ্যাপটিও হালনাগাদ করতে হবে। এ হালনাগদের কাজটি সঠিক ভাবে সম্পাদনের জন্য তিনি উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে আইডিয়া বাস্তবায়নকারী টিমের পক্ষ হতে জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এবং ইনোভেশন টিমের পক্ষ হতে জনাব মোঃ আশরাফ হোসেন, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এর সমন্বয়ে ৪ সদস্যের একটি কমিটি করেন এবং দ্রুত "Bangladesh Mineral Museum" অ্যাপটি হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করতে বলেন।
০৩। ইনোভেশন শোকেসিং সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন, গত অর্থ বছরের ন্যায় এবারও আমাদের ০৮/০৫/২০২৫ তারিখের মধ্যে আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে নুন্যতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করতে হবে। সভাপতি বলেন, এ বছরের আইডিয়া বাস্তবায়নের পর দ্রুত আমরা শোকেসিং আয়োজন করব এবং পরবর্তীতে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জ্বালানি বিভাগের শোকেসিং এ অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। ই-ফাইলের ব্যবহার বৃদ্ধি বিষয়ক আলোচনায় জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন, ই-ফাইলে নোট নিষ্পন্নকরণের হার বৃদ্ধি করা হয়েছে। এ বছর আমাদের ই-ফাইলে নোট নিষ্পন্নকৃত ১০০% রাখতে হবে। তবে এক্ষেত্রে পূর্বে জিএসবি'র নথি রেজিস্ট্রার অনুসারে ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা এবং ই-ফাইলে নিষ্পত্তি করা যায়না এমন নথির তালিকা যৌক্তিকভাবে নির্ধারন করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এ সংক্রান্ত তালিকা/প্রতিবেদন আগামী ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সভাপতি বলেন, যেহেতু আমাদের হাতে বেশি সময় নেই তাই এ সংক্রান্ত তথ্য আহবান করে প্রত্যেক শাখা প্রদান বরাবর পত্র প্রেরণ করতে হবে। তবে জিএসবির অপারেশন ও সমন্বয় শাখা হতেই সর্বাধিক হার্ড ফাইলে নোট নিষ্পন্ন হয় বিধায় তাদের এ বিষয়ে ঠিক করতে হবে কোন ফাইলগুলো তারা ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে পারবে। এ প্রেক্ষিতে জনাব মোহাম্মদ আলমগীর কবীর, উপ-পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা সভাকে জানান, ইতোপূর্বে 'তথ্য অধিকার' সংক্রান্ত কার্যক্রমের অধীন বিভিন্ন শাখার নথি রেজিস্ট্রার প্রস্তুত করা হয়েছিল, সেখান থেকে অপারেশন ও সমন্বয় শাখার ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা যৌক্তিকভাবে নির্ধারণের বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৫। তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনায় সভাপতি বলেন ইনোভেশন কমিটির কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন, কমিটির তথ্য, প্রযোজ্যক্ষেত্রে ওয়েব সাইটের স্ক্রিনশট ইত্যাদি বিষয় নিয়মিত হালনাগাদ রাখতে হবে।

০৬। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন বিষয়ক আলোচনায় মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন, আমাদের এ বছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ-বিষয়ক ৪ (চার)টি কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে। সভাপতি বলেন বিগত বছর জিএসবি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক দুটি কর্মশালা আয়োজন করে এবং এ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। তারই ধারাবাহিকতায় এ বছর আমাদের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ-বিষয়ক কর্মশালা আয়োজন করে জিএসবির জন্য ভবিষ্যৎ করণীয় চূড়ান্ত করতে হবে। তিনি সদস্য সচিবকে এ কোয়ার্টারের মধ্যে ০১ (এক)টি কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেন।

০৭। অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন বিষয়ক আলোচনায় সভাপতি বলেন, আইসিটি ও ওয়েব টিমের ফোকাল পয়েন্ট জনাব কাজী মানসুরা আখতার, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এবং সদস্য সচিব জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তিনি তাদেরকে এ বিষয়ে সভাকে অবহিত করতে অনুরোধ জানান। জনাব কাজী মানসুরা আখতার, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম বাংলাদেশ সরকারের একটি বৃহৎ তথ্যভান্ডার। যার মাধ্যমে সকল মন্ত্রণালয়, দপ্তর/অধিদপ্তর, বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়নের প্রতিবেদন তৈরি, প্রেরণ ও গ্রহণ করা সম্ভব। তৈরিকৃত প্রতিবেদন স্বয়ংকৃতভাবে সংকলিত হয়ে উর্ধ্বতন অফিসে প্রেরিত হয়। সিস্টেমটি ব্যবহারে সরকারি কর্মদক্ষতা বৃদ্ধি পাবে, সময় বাঁচবে, খরচ কমবে ও জটিলতা হ্রাস পাবে। সিস্টেমের ড্যাশবোর্ডের মাধ্যমে সরকারের সর্বোচ্চ পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে। আমাদের অফিসেও অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যারের ব্যবহার করে প্রতিবেদন তৈরি, গ্রহণ ও প্রেরণ করতে হবে। তবে তার পূর্বে আমাদের ঠিক করতে হবে কোন ধরণের প্রতিবেদনগুলো আমরা এই সিস্টেমের মাধ্যমে প্রেরণ করব। তিনি এ বিষয়ে সকল শাখা প্রধানদের নিয়ে একটি কর্মশালা আয়োজনের পরামর্শ প্রদান করেন এবং মোঃ মাফরুল আলম, প্রোগ্রামার (আইসিটি শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-কে এ কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে আমন্ত্রণের পরামর্শ প্রদান করেন। সভাপতি প্রত্যেক শাখা হতে শাখা প্রধানসহ ০২ (দুই) কর্মকর্তা, অপারেশন ও সমন্বয় শাখা হতে অতিরিক্ত ০৫ (পাঁচ) জন এবং পরিকল্পনা ও

বাস্তবায়ন শাখা হতে অতিরিক্ত ০৩ (তিন) জন এবং ইনোভেশন টিমের সদস্যবৃন্দসহ জিএটিসির মাধ্যমে একটি কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন।

০৮। মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধি বিষয়ক আলোচনায় সদস্য সচিব জনাব রিয়াদুল ইসলাম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান, মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে ০২ (দুই)টি কর্মশালা আয়োজন করতে হবে। এর মাধ্যমে মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য চিহ্নিত সরকারি সেবার তালিকা প্রস্তুত করতে হবে এবং মাইগভ ড্যাশবোর্ডে অন্তর্ভুক্ত করতে হবে। তিনি আরও বলেন, মাইগভ প্ল্যাটফর্মে দপ্তর/সংস্থার ০৩ (তিন) ধরণের সেবা রয়েছে- নাগরিক সেবা, ব্যবসা সংক্রান্ত সেবা ও অভ্যন্তরীণ সেবা। সভাপতি সদস্য সচিবকে সম্ভব হলে এ কোয়ার্টারের মধ্যে ০১ (এক)টি কর্মশালা আয়োজন করে জিএসবি'র ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেন।

## সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | কার্যক্রম | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | জিএসবি'র সিটিজেন চার্টারভুক্ত ন্যূনতম একটি সেবা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে অথবা অফিস ব্যবস্থাপনা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য ইনোভেশন আইডিয়া আহবান করে দ্রুত নোটিশ জারি করতে হবে। | |
| ০২ | [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা | ১) GSB: Geology and Minerals of Bangladesh নামক উদ্যোগটি বাস্তবায়নকারী টিমকে অ্যাপটি হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।<br>২) Bangladesh Mineral Museum অ্যাপটি হালনাগাদের জন্য আইডিয়া বাস্তবায়নকারী টিমের পক্ষ হতে জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এবং ইনোভেশন টিমের পক্ষ হতে জনাব মোঃ আশরাফ হোসেন, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এর সমন্বয়ে ৪ সদস্যের একটি কমিটি গঠন করতে হবে। | |
| ০৩ | [৩.১] ইনোভেশন শোকেসিং | ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত বাস্তবায়িত ইনোভেশন আইডিয়াগুলোকে নিয়ে নুন্যতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করতে হবে। | |
| ০৪ | [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | ১) ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা যৌক্তিকভাবে নির্ধারন করার জন্য নথি রেজিস্ট্রার অনুসারে ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা প্রেরণের জন্য সকল শাখা প্রধান বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br><br>২) ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুসারে ই-ফাইলে নোট নিষ্পন্নকরণের হার ১০০% রাখতে হবে । | |
| ০৫ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ইনোভেশন কমিটির কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন, কমিটির তথ্য, প্রযোজ্যক্ষেত্রে ওয়েব সাইটের স্ক্রিনশট ইত্যাদি বিষয় নিয়মিত ইনোভেশন কর্নার ও ইনোভেশন সংক্রান্ত বক্স এ হালনাগাদ রাখতে হবে। | |
| ০৬ | [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ-বিষয়ক কর্মশালা আয়োজন করে জিএসবির জন্য ভবিষ্যৎ করণীয় চূড়ান্ত করতে হবে। | |
| ০৭ | [৭.১] অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন | অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যারের ব্যবহার করে প্রতিবেদন তৈরি, গ্রহণ ও প্রেরণ বিষয়ে এবং জিএসবি'র কোন ধরণের প্রতিবেদন এ সিস্টেমের মাধ্যমে প্রেরণ করা হবে তা চূড়ান্তকরণের জন্য জিএটিসির মাধ্যমে শাখা প্রধানদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | [৮.১] মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধি | ১) মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে ০২ (দুই)টি কর্মশালা আয়োজন করতে হবে।<br>২) মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে জিএসবি'র ডিজিটাইজেশনযোগ্য চিহ্নিত সরকারি সেবার তালিকা প্রস্তুত করতে হবে এবং মাইগভ ড্যাশবোর্ডে অন্তর্ভুক্ত করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

১১-০৮-২০২৪
মোঃ কামাল হোসেন
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

**নম্বর:** ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.১৯

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
২। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৩। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৪। উপ-পরিচালক (ভূতত্ত্ব) -২, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৫। সহকারী পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৬। সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৭। সহকারী পরিচালক (ড্রিলিং)-২ , ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৮। সহকারী পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৯। লাইব্রেরিয়ান-২, প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এবং
১০। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

Riyadul Islam
১১-০৮-২০২৪
রিয়াদুল ইসলাম
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব, ইনোভেশন টিম